গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১১৯/২০১৮-১৯

ঢাকা, মঙ্গলবার ১৮ ডিসেম্বর ২০১৮, ৪ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সুপ্রিম কোর্ট দিবস আজ : আলোচনাসভায় অংশ নেবেন রাষ্ট্রপতি

২। দেশের উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে আরও পাঁচ বছর আ'লীগের ক্ষমতায় থাকা প্রয়োজন : বিজয় দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী

৩। আওয়ামী লীগেরই কেবল শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের ইতিহাস আছে
নবনিযুক্ত মার্কিন রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী

৪। আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনটি জনসভায় যোগ দেবেন প্রধানমন্ত্রী

৫। আজ আন্তর্জাতিক অভিবাসী দিবস : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

৬। আজকের ছাত্ররাই সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাণ্ডারি : স্পিকার

৭। ঐক্যফ্রন্টের নির্বাচনি ইশতেহার প্রকাশ : পরপর দুই মেয়াদের বেশি প্রধানমন্ত্রী থাকা যাবে না

৮। ভোটের মাঠে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে ব্যবস্থা নিন : আইজিপিকে সিইসি'র নির্দেশ

৯। শহিদ বুদ্ধিজীবী দিবসে ড. কামাল হোসেনের ওপর হামলার ঘটনায় তিন দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে পুলিশকে ইসি'র চিঠি

১০। ইসি'র সঙ্গে জাতীয় ঐক্যফ্রন্টের বৈঠক অনুষ্ঠিত

১১। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশনকে বিশৃঙ্খলাকারীদের বিরুদ্ধে তদন্ত করে সঠিক ব্যবস্থা নিতে হবে : সেতুমন্ত্রী

১২। আজ আ'লীগের নির্বাচনি ইশতেহার ঘোষণা করবেন প্রধানমন্ত্রী
বিএনপি'র ইশতেহার আজ : তরুণ ও নারীসমাজকে বিশেষ গুরুত্ব

১৩। সেবা রফতানিতে চার মাসে প্রবৃদ্ধি ৫৬ শতাংশ : ইপিবি'র তথ্য

১৪। ঘূর্ণিঝড় পেথাই'র প্রভাবে সারাদেশে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি : সমুদ্রবন্দরসমূহকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সঙ্কেত

চলমান পাতা-২

**১।　সুপ্রিম কোর্ট দিবস আজ : আলোচনাসভায় অংশ নেবেন রাষ্ট্রপতি**

বাংলাদেশ সুপ্রিম কোর্ট দিবস আজ (১৮ ডিসেম্বর মঙ্গলবার)। বাংলাদেশের সংবিধান অনুযায়ী ১৯৭২ সালের ১৮ ডিসেম্বর উচ্চ আদালতের কার্যক্রম শুরু হয়েছিল। স্বাধীনতার ৪৭ বছর পর সেই দিনেই বাংলাদেশ সুপ্রিম কোর্ট দিবস পালন করা হচ্ছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উপলক্ষে সুপ্রিম কোর্ট প্রশাসন দিনব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করেছে। সুপ্রিম কোর্ট জাজেজ স্পোর্টস কমপ্লেক্স প্রাঙ্গণে আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে আইনমন্ত্রী আনিসুল হক, উভয় বিভাগের বিচারপতি ও আইনজীবীরা উপস্থিত থাকবেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউ এজ** ( শেষ পৃ,ক.৮)।

**২।　দেশের উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে আরও পাঁচ বছর আ'লীগের ক্ষমতায় থাকা প্রয়োজন : বিজয় দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামী লীগকে আবারও ক্ষমতায় আনার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, দেশের উন্নয়ন ও অগ্রযাত্রা যাতে কেউ থামিয়ে দিতে না পারে সে জন্যই আরও পাঁচ বছর আওয়ামী লীগের ক্ষমতায় থাকা প্রয়োজন। তিনি বলেন, দেশে যে উন্নয়ন কর্মকাণ্ড শুরু করেছি তা শেষ করতে চাই। গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে মহান বিজয় দিবস উপলক্ষে আওয়ামী লীগের আলোচনাসভায় সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

**৩।　আওয়ামী লীগেরই কেবল শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের ইতিহাস আছে নবনিযুক্ত মার্কিন রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী**

বাংলাদেশে নবনিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত রবার্ট আর্ল মিলার গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠকশেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের ব্রিফ করেন। তিনি জানান, সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় তার দলের সংগ্রামের প্রসঙ্গ তুলে ধরে বলেন, দেশের রাজনৈতিক ইতিহাসে একমাত্র আওয়ামী লীগই ২০০১ সালের নির্বাচনের পরে শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর করেছিল। নবনিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত রবার্ট আর্ল মিলার এ সময় বলেন, আগামী ৩০ ডিসেম্বর বাংলাদেশে অবাধ, সুষ্ঠু, গ্রহণযোগ্য ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে যুক্তরাষ্ট্র প্রত্যাশা করে। নির্বাচন পর্যবেক্ষণের জন্য তার দেশ ৩২ জন পর্যবেক্ষক পাঠাবে। আর মার্কিন দূতাবাসের ১১টি দল নির্বাচন পর্যবেক্ষণ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৪।　আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনটি জনসভায় যোগ দেবেন প্রধানমন্ত্রী**

ভিডিও কনফারেন্সের মাধ্যমে আজ তিনটি জনসভায় অংশ নেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিকেল ৩টায় তাঁর ব্যক্তিগত বাসভবন ধানমণ্ডির সুধাসদন থেকে ভিডিও কনফারেন্স করবেন তিনি। নড়াইল, কিশোরগঞ্জ ও বান্দরবান জেলায় এ তিনটি জনসভা অনুষ্ঠিত হবে। এতে দলীয় প্রার্থী, নেতাকর্মীরা উপস্থিত থাকবেন। নির্বাচন নিয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ প্রথম কোনো জনসভায় বক্তব্য দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**যুগান্তর** (পৃ.১৯,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

**৫।　আজ আন্তর্জাতিক অভিবাসী দিবস : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ (১৮ ডিসেম্বর মঙ্গলবার) আন্তর্জাতিক অভিবাসী দিবস। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। বাণীতে তাঁরা দিবস উপলক্ষে নেওয়া বিভিন্ন কর্মসূচির সাফল্য কামনা করেন। রাষ্ট্রপতি তাঁর বাণীতে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতিতে বিপুলসংখ্যক অভিবাসী জনগোষ্ঠীর গুরুত্বপূর্ণ অবদানের কথা কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেন, অভিবাসন প্রক্রিয়াকে নিরাপদ ও স্বচ্ছ করে তুলতে বাংলাদেশ সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে নিরাপদ অভিবাসনকে যথেষ্ট গুরুত্ব দিচ্ছে। ভবিষ্যতেও দিয়ে যাবে। তিনি বলেন, দেশের এ অভাবনীয় সাফল্যের অংশীদারদের মধ্যে সব অভিবাসী ভাই-বোন ও তাদের পরিবারের সদস্যদের শ্রম, অবদান এবং ত্যাগ অনস্বীকার্য। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৬। আজকের ছাত্ররাই সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাণ্ডারি : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, তথ্যপ্রযুক্তি কাজে লাগিয়ে সমৃদ্ধ বাংলাদেশ গড়তে হবে। দেশকে আগামীর পথে নিয়ে যেতে হবে। সেই কাণ্ডারি আজকের ছাত্রসমাজ। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। ছাত্রসমাজ, শিক্ষকসমাজ , প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে সব জায়গায় ব্যাপক উন্নয়ন হয়েছে। প্রধানমন্ত্রীর নিজস্ব পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সারাদেশে সুযোগ-সুবিধা তৈরি হয়েছে। গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) রংপুরের পীরগঞ্জ কেন্দ্রীয় শহীদ মিনারে এক সমাবেশে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৮,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৪,ক.৭)।

**৭। ঐক্যফ্রন্টের নির্বাচনি ইশতেহার প্রকাশ : পরপর দুই মেয়াদের বেশি প্রধানমন্ত্রী থাকা যাবে না**

আগামী নির্বাচনে ক্ষমতায় গেলে একটানা দুই মেয়াদের বেশি প্রধানমন্ত্রী পদে না থাকার বিধান করবে জাতীয় ঐক্যফ্রন্ট। একইসঙ্গে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর মধ্যে ক্ষমতার ভারসাম্য আনা হবে। গঠন করা হবে সংসদের উচ্চকক্ষ। সংসদের ডেপুটি স্পিকার নেওয়া হবে বিরোধীদল থেকে। গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) ঢাকার হোটেল পূর্বাণীতে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ইশতেহারে এসব প্রতিশ্রুতি দিয়েছে জাতীয় ঐক্যফ্রন্ট। দলীয় সরকারের অধীনে এবার নির্বাচনে অংশ নিলেও ক্ষমতায় গেলে সব অংশীজনের সঙ্গে আলোচনা করে নির্বাচনকালীন সরকারের বিধান চালুর প্রতিশ্রুতিও দিয়েছেন তারা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

**৮। ভোটের মাঠে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে ব্যবস্থা নিন : আইজিপিকে সিইসি'র নির্দেশ**

ভোটের মাঠে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশের আইজি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার মো. আছাদুজ্জামান মিয়াকে নির্দেশ দিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) পুলিশের এ দুই কর্মকর্তাকে পৃথকভাবে ইসিতে ডেকে নেওয়া হয়। নির্বাচন কমিশন (ইসি) সচিব হেলালুদ্দীন আহমদ জানান, পুলিশের দুই শীর্ষ কর্মকর্তাকে নির্বাচন কমিশনে ডেকে এনে সারাদেশের নির্বাচনি পরিবেশ সুষ্ঠু, স্বাভাবিক ও শান্তিপূর্ণ রাখার জন্য নির্দেশনা দিয়েছেন সিইসি। ইসি সচিব বলেন, ঘটনাপ্রবাহে নির্বাচনি পরিবেশ নিয়ে বিভিন্ন অভিযোগ আসছে। গণমাধ্যমেও প্রার্থীদের নির্বাচনি প্রচারে বাধার বিষয়টি আসছে। এসব বিষয়ে দুই পুলিশ কর্মকর্তাকে অবগত করে আগামীতে যাতে নির্বাচনের শান্তিপূর্ণ পরিবেশ বজায় থাকে সে জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**৯। শহিদ বুদ্ধিজীবী দিবসে ড. কামাল হোসেনের ওপর হামলার ঘটনায় তিন দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে পুলিশকে ইসি'র চিঠি**

শহিদ বুদ্ধিজীবী দিবসে জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ও গণফোরাম সভাপতি ড. কামাল হোসেনের ওপর হামলার ঘটনায় তিন দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে পুলিশকে চিঠি দিয়েছে ইসি। গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) এ সংক্রান্ত একটি চিঠি ইসি সচিবালয় থেকে আইজিপির কাছে পাঠানো হয়েছে। চিঠিতে বলা হয়, ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে ঐক্যফ্রন্টের আহ্বায়ক ড. কামাল হোসেন ও তাঁর গাড়িতে হামলার ঘটনা তদন্ত করে আগামী তিন দিনের মধ্যে ইসি সচিবালয়ে প্রতিবেদন জমা দিতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**১০। ইসি'র সঙ্গে জাতীয় ঐক্যফ্রন্টের বৈঠক অনুষ্ঠিত**

জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতা ও গণফোরামের সভাপতি ড. কামাল হোসেন বলেছেন, মরে গেলেও আমরা নির্বাচন বর্জন করব না। গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) আগারগাঁও নির্বাচন ভবনে ইসি'র সঙ্গে বৈঠকশেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। এর আগে প্রায় আড়াই ঘন্টা ইসি'র সঙ্গে জাতীয় ঐক্যফ্রন্টের শীর্ষ নেতারা বৈঠক করেন। তিনি বলেন, নির্বাচনি সহিংসতার কিছু ঘটনায় সিইসি বিব্রত হয়েছেন। বিব্রতবোধ করা যথেষ্ট নয়। কার্যকর পদক্ষেপ নিতে হয়। আমরা তাদের বলেছি-এখনই আপনারা ইনকোয়ারি চান, একদিনের মধ্যে রিপোর্ট নেন, পদক্ষেপ নেন যাতে অবাধ সুষ্ঠু নির্বাচনের ন্যূনতম পরিবেশ আমরা পাই। সেনাবাহিনী সম্পর্কে এক প্রশ্নের জবাবে আ স ম আব্দুর রব বলেন, আজ (গতকাল) থেকেই আমরা সেনাবাহিনী মোতায়েনের কথা বলেছি। বৈঠকে ড. কামাল হোসেনের নেতৃত্বে ঐক্যফ্রন্টের ১৩ সদস্যের প্রতিনিধিদল অংশ নেয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

**১১। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশনকে বিশৃঙ্খলাকারীদের বিরুদ্ধে তদন্ত করে সঠিক ব্যবস্থা নিতে হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, নির্বাচনে শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশ যারাই বিঘ্নিত করবে, বিশৃঙ্খলা সৃষ্টি করবে তারা যে দলেরই হোক নির্বাচন কমিশন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। এ বিষয়ে আওয়ামী লীগের কোনো আপত্তি নেই, আমরা কোনো প্রকার হস্তক্ষেপ করব না। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশনকে বিশৃঙ্খলাকারীদের বিরুদ্ধে তদন্ত করে সঠিক ব্যবস্থা নিতে হবে। গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) সোনারগাঁয়ে দ্বিতীয় কাঁচপুর সেতুর নির্মাণকাজ পরিদর্শনে এসে সাংবাদিকদের এসব কথা বলেন সেতুমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

**১২। আজ আ'লীগের নির্বাচনি ইশতেহার ঘোষণা করবেন প্রধানমন্ত্রী বিএনপি'র ইশতেহার আজ : তরুণ ও নারীসমাজকে বিশেষ গুরুত্ব**

ক্ষমতাসীন আওয়ামী লীগ আজ একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ইশতেহার ঘোষণা করবে। সকাল ১০টায় প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে ইশতেহারের বিস্তারিত তুলে ধরবেন দলটির সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ইশতেহারে দু'টি বিষয়ে বিশেষ জোর দেওয়া হয়েছে। প্রথমত, 'আমার গ্রাম আমার শহর' শিরোনামে অঙ্গীকারে প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা পৌঁছে দেওয়ার রূপরেখা তুলে ধরা হয়েছে। দ্বিতীয়ত, তারুণ্যের শক্তি বাংলাদেশের সমৃদ্ধি এ শিরোনামে করা অঙ্গীকারে তরুণ ও যুবসমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তর এবং কর্মসংস্থানের নিশ্চয়তার কথা বলা হয়েছে। এবারের ইশতেহারের মূল স্লোগান হচ্ছে 'সমৃদ্ধির অগ্রযাত্রায় অপ্রতিরোধ্য বাংলাদেশ'। এতে ২১টি বিশেষ অঙ্গীকার রাখা হয়েছে।

একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে তরুণ, নারী এবং বয়স্ক নাগরিকদের বিশেষ গুরুত্ব দিয়ে ইশতেহার প্রস্তুত করেছে বিএনপি। এতে সুশাসনের দিকেও বিশেষ নজর দেওয়া হয়েছে। দুর্নীতির বিরুদ্ধে আপসহীন অবস্থান, জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির হার ১১ শতাংশে উন্নীতকরণসহ নানা প্রতিশ্রুতি থাকছে ইশতেহারে। মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রের সম্মানিত নাগরিক হিসেবে ঘোষণা, তাদের নির্ভুল তালিকা প্রস্তুত এবং মূল্যস্ফীতির নিরিখে শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের ভাতা বৃদ্ধি করাসহ নানা প্রতিশ্রুতিও থাকছে ইশতেহারে। গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) গুলশানে দলের চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে দলটির স্থায়ী কমিটির বৈঠকে ইশতেহার অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৪), (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

**১৩। সেবা রফতানিতে চার মাসে প্রবৃদ্ধি ৫৬ শতাংশ : ইপিবি'র তথ্য**

চলতি অর্থবছরের প্রথম চার মাসে (জুলাই-অক্টোবর) বিভিন্ন ধরনের সেবা রফতানি করে প্রায় ১৯৪ কোটি ৮২ লাখ মার্কিন ডলার আয় করেছে বাংলাদেশ, যা আগের অর্থবছরের একই সময়ের চেয়ে প্রায় ৫৬ দশমিক ৪৬ শতাংশ বেশি। গত অর্থবছরের প্রথম চার মাসে আয় এসেছিল ১২৪ কোটি ৫১ লাখ মার্কিন ডলার। গত চার মাসে বিভিন্ন ধরনের সেবা রফতানি খাতে লক্ষ্যমাত্রা ছিল ১৬৬ কোটি ৬৭ লাখ মার্কিন ডলার। সে হিসাবে প্রবৃদ্ধি বেড়েছে ১৬ দশমিক ৯০ শতাংশ। ২০১৮-১৯ অর্থবছরের জুলাই-অক্টোবর সময়ের সেবা রফতানির এ চিত্র রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) গতকাল (১৭ ডিসেম্বর সোমবার) প্রকাশ করেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৩)।

**১৪। ঘূর্ণিঝড় পেথাই'র প্রভাবে সারাদেশে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি : সমুদ্রবন্দরসমূহকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সঙ্কেত**

ঘূর্ণিঝড় পেথাই'র প্রভাবে রাজধানী ঢাকাসহ সারাদেশে গুঁড়ি গুঁড়ি বৃষ্টিপাত শুরু হয়েছে। সারাদেশে বৃষ্টির কারণে ঠাণ্ডা বাতাস ও শীতের মাত্রা বেড়েছে। এর প্রভাবে সাগর এখনও উত্তাল রয়েছে। ফলে দেশে সমুদ্রবন্দরসমূহকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সঙ্কেত দেখাতে বলা হয়েছে। পেথাই ইতোমধ্যে ভারতের অন্ধ্র উপকূলে অবস্থান করেছে। এটি কিছুটা দুর্বল হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এর গতিপথ পরিবর্তন করে উত্তর পূর্বদিকে অগ্রসর হচ্ছে। ফলে বাংলাদেশে আজ বৃষ্টিপাত হবে। ২০ ডিসেম্বর থেকে এর প্রভাব কেটে গেলে আবহাওয়া সম্পূর্ণ স্বাভাবিক হয়ে আসবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ঢাকার গাবতলী হতে টাঙ্গাইলের এলেঙ্গা পর্যন্ত ৪৩টি স্থায়ী হাটবাজারের কারণে সড়কে তীব্র যানজটের সৃষ্টি হয় উল্লেখ করে সারাদেশের মহাসড়কের পাশে এ ধরনের হাটবাজার উচ্ছেদে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** চলতি অর্থবছরের প্রথম চার মাসে কৃষিখাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার তুলনায় কম হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

গ. **বণিক বার্তা :** দেশে ডিম উৎপাদন প্রতিবছর বাড়লেও তা এখনো স্থানীয় চাহিদা পূরণে যথেষ্ট নয় উল্লেখ করে দেশের দরিদ্র শ্রেণির পুষ্টি চাহিদা পূরণে ডিম উৎপাদনের ওপর জোর দেওয়ার আহ্বান।

ঘ. **ভোরের কাগজ, সংবাদ, নিউ এজ :** নির্বাচনি প্রচারণায় দেশের বিভিন্ন স্থান থেকে সংঘাত-সহিংসতার খবর আসায় উদ্বেগ প্রকাশ করে নির্বাচন সুষ্ঠু করার স্বার্থে সব প্রার্থী ও তাদের কর্মী-সমর্থকরা আচরণবিধি মেনে নির্বাচনি কার্যক্রম চালাবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **সংবাদ :** যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য নির্মাণ করা মুক্তিযোদ্ধা টাওয়ারের ৮৪টি ফ্ল্যাটের বরাদ্দের ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ব্যাপারে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি সান :** দেশের ঐতিহাসিক প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলো সংরক্ষণে নজর দেওয়ার সুপারিশ।

ছ. **এশিয়ান এজ :** রাজধানীর যানজট নিরসনে ব্যক্তিগত যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করে বেশি করে সরকারি বাস চলাচলসহ নতুন নতুন বাস রুট বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ব্যাংকিংখাতে আরও বেশি স্বচ্ছতা, জবাবদিহিতা, নিয়মানুবর্তিতা এনে আর্থিকখাত তথা অর্থনৈতিক ব্যবস্থাপনায় পরিপক্কতার পরিচয় দেওয়া প্রয়োজন।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'প্রাণিসম্পদ ও টেকসই অর্থনীতির বাংলাদেশ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, প্রাণিসম্পদ উন্নয়নের পথে যেসব প্রতিবন্ধকতা বিদ্যমান তা দূরীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা